

তোমার উষ্ণ নিশ্বাস লেগে

মখদুম আজম মাসরাফী

মৌসুমী ওমে, বৈয়ামে রাখা মধুর রং পাল্টালো
গলতে লাগলো তরল মধুরিমায় ।
মনে পড়লো মা'কে,
যিনি কুয়াশাময় শীতসকালে কোলে করে রাখতেন নারকেল তেলের বোতল,
শাদা ঘন মেঘের মত জমাট বাঁধা তেল
গলতে থাকতো অপূর্ব সুখে ।

তাইতো তোমাকে ডাকি 'মধুমতি' নামে ।
হোক না সে খুব প্রাচীনপন্থী নাম
তবুও তোমাকে সে নামে সব চেয়ে যথার্থ মানায় ।

হয়তো তোমার আসার কথা শুনে
সূর্য্যও উকি দেবে কুয়াশার লেপটি সরিয়ে
মাকে আর কোলে করে গলাতে হবে না সেই শীতর্ত মেঘ,
মধুর মোহিত ধারায় নেয়ে শীতের কিরন
লুটিয়ে পড়বে এসে তোমার চরনে ।
তোমার চুলের কুন্তলগুলি স্বর্নলতার মত হবে
সুখী ও সুন্দরী ।

হয়ো না তখন যেনো গর্বিনী কোন
অহংকৃত পূজালোভী দেবী,
মন্ডপের উচ্চ আসনে আরুঢ় আসীন কোন
খড়ের প্রতিমা ।

বরং নামবে এসে নন্দন কানন ভরা পুষ্পিত সৌরভে
স্বাগতিক পাখীর সঙ্গীতময় তিলোওমা বনে ।
আভরনহীনা তুমি হবে নম্র দ্যুতিময় এক স্বর্গলগ্না নারী
কিরনের চুমু ছোয়া তোমার নগ্নতা হবে
আমাদের পরিপূর্ণ প্রেম ।

এডেলেইড/ ১ মে ২০০১